# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৪৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৭. দ্বিতীয় অনুচ্ছেদ - দু’ ঈদের সালাত

## আরবী

وَعَن أبي هُرَيْرَة أَنَّهُ أَصَابَهُمْ مَطَرٌ فِي يَوْمِ عِيدٍ فَصَلَّى بِهِمُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الْعِيدِ فِي الْمَسْجِدِ. رَوَاهُ أَبُو دَاوُدَ وَابْنُ مَاجَه

## বাংলা

১৪৪৮-[২৩] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে এ হাদীসটিও বর্ণিত হয়েছে। তিনি বলেন, একবার ঈদের দিন তাঁদের সেখানে বৃষ্টি হচ্ছিল। তাই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের সবাইকে নিয়ে মসজিদে ঈদের সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলেন। (আবূ দাঊদ, ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ১১৬০, ইবনু মাজাহ্ ১৩১৩, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৬২৫৭। কারণ এর সানাদে ‘ঈসা এবং আবূ ইয়াহ্ইয়া আত্ তায়মী দু’জনই দুর্বল রাবী। হাফিয ইবনু হাজার (রহঃ) বলেছেন, হাদীসের সানাদটি দুর্বল।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: আমি (ভাষ্যকার) বলি, হাদীস প্রমাণ করে ওযর ব্যতিরেকে ময়দান ছেড়ে মসজিদে ঈদের সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করা মাকরূহ বা ঘৃণিত।

‘উলামারা মতভেদ করেছেনঃ মাসজিদ প্রশস্ত হলে মসজিদে পড়া উত্তম, না মাঠে পড়া উত্তম? ইমাম শাফি‘ঈর মতে মসজিদে পড়াই উত্তম, কেননা এর উদ্দেশ্য হল একত্রিত হওয়া। আর এটি মসজিদে একত্রিত সম্ভব হচ্ছে তাই মাসজিদই উত্তম। আর মক্কাবাসীরা মাসজিদ প্রশস্ত হওয়ার কারণে তারা মসজিদে ঈদের সালাত আদায় করেন। তবে উত্তম মত হল ওযর ব্যতিরেকে মাঠে সালাত আদায় করা।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56008

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন